# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।
ক্রেডিট বিভাগ
ফোন-৯৫৫০৪০৩, ই-মেইল dgmlad1@krishibank.org.bd


মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

নং-বিকেবি-প্রকা/ক্রেঃবিঃ-শাখা-৪(এসএমই)-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ১১৮৮(১২০০) তারিখঃ ১১/১১/২০২০

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ ডিপার্টমেন্টের ১৩/০৪/২০২০ তারিখের এসএমইএসপিডি সার্কুলার নং-০১ মোতাবেক অত্র বিভাগের বিগত ১৪/০৫/২০২০ তারিখের ১১৫৫(১২৫০) নম্বর পত্রের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্ধকৃত ১৩৪.০০ কোটি টাকা লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী বন্টন করা হয়। এক্ষনে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, এসএমই এন্ড স্পেশাল প্রোগ্রামস্ বিভাগ কর্তৃক বাংলাদেশ কৃষি ব্যাংকের জন্য বরাদ্ধকৃত ১৩৪.০০ কোটি টাকার সাথে অতিরিক্ত আরও ১০৮.০০ কোটি বরাদ্ধ প্রদান করা হয়েছে। সে প্রেক্ষিতে এসএমইএসপিডি সার্কুলার নং-০১ এর আওতায় অত্র ব্যাংকের জন্য মোট ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা দাঁড়াল (১৩৪.০০ + ১০৮.০০) = ২৪২.০০ কোটি টাকা। উল্লেখিত লক্ষ্যমাত্রা বিভাগওয়ারী নিম্নোক্তভাবে বন্টন করা হলোঃ

(কোটি টাকায়)

| ক্রঃ নঃ | বিভাগের নাম | ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক সিএমএসএমই ঋণ স্থিতি | ঋণ বিতরণের পূর্বনির্ধারিত লক্ষ্যমাত্রা (১৩৪.০০ কোটি টাকার বিপরীতে) | লক্ষ্যমাত্রা (১০৮.০০ কোটি টাকার বিপরীতে) | মোট লক্ষ্যমাত্রা (২৪২.০০ কোটি টাকার বিপরীতে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ঢাকা | ২৬৪.১৪ | ২৭.০০ | ২৩.০০ | ৫০.০০ | ৩০/১১/২০ এর মধ্যে বিতরণ যোগ্য। |
| ২. | ময়মনসিংহ | ১৬০.১৯ | ১৬.০০ | ১১.০০ | ২৭.০০ | |
| ৩. | চট্টগ্রাম | ১৬৬.৯১ | ১৭.০০ | ১১.৫০ | ২৮.৫০ | |
| ৪. | খুলনা | ১০৬.৪৯ | ১০.০০ | ৮.০০ | ১৮.০০ | |
| ৫. | বরিশাল | ৪০.৭৫ | ৪.০০ | ৩.০০ | ৭.০০ | |
| ৬. | সিলেট | ১০০.৩২ | ১০.০০ | ৮.০০ | ১৮.০০ | |
| ৭. | কুমিল্লা | ২১৫.১৪ | ২২.০০ | ১৮.০০ | ৪০.০০ | |
| ৮. | ফরিদপুর | ১০৮.৮১ | ১০.০০ | ৮.০০ | ১৮.০০ | |
| ৯. | কুষ্টিয়া | ১৫০.০৯ | ১৫.০০ | ১০.৫০ | ২৫.৫০ | |
| ১০. | এলপিও | ২৭.৮৯ | ৩.০০ | ৭.০০ | ১০.০০ | |
| | | ১৩৪০.৭৩ | ১৩৪.০০ | ১০৮.০০ | ২৪২.০০ | |

০২। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখার ৩১ ডিসেম্বর, ২০১৯ তারিখ ভিত্তিক অঞ্চলসমূহের সিএমএসএমই ঋণস্থিতি, পারফরমেন্স, বাস্তব অবস্থা ও সম্ভাব্যতার নিরিখে লক্ষ্যমাত্রা পুনঃবন্টন করবেন। একইভাবে বিভাগ হতে প্রাপ্ত লক্ষ্যমাত্রা অঞ্চল প্রধানগণ শাখাসমূহের মধ্যে পুনঃবন্টন করবেন। এছাড়া বিভাগীয় কার্যালয় স্ব স্ব অঞ্চলে এবং অঞ্চলসমূহ নিজ নিজ শাখাসমূহে নির্ধারিত সীমার মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃবিন্যাস করতে পারবেন। এভাবে বন্টনকৃত ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার তথ্য আগামী ১৫/১১/২০২০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

বিষয় ঃ করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের আওতায় (বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০) অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তিতে এ প্যাকেজের আওতায় ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

০৩। করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সিএমএসএমই (CMSME) খাতের জন্য গঠিত ২০,০০০.০০ (বিশ হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কীমের (বিকেবি'র অনুকূলে বরাদ্দকৃত ২৪২.০০ কোটি টাকা) আওতায় বাংলাদেশ ব্যাংকের এসএমইএসপিডি সার্কুলার নং-০১, তারিখ ১৩/০৪/২০২০ এবং সময়ে সময়ে জারীকৃত এ সংক্রান্ত নির্দেশাবলী যথাযথভাবে অনুসরন করে আগামী ৩০/১১/২০২০ তারিখের মধ্যে ঋণ বিতরণ লক্ষ্যমাত্রার ১০০% অর্জন নিশ্চিত করার পরামর্শ দেয়া হলো। এছাড়াও এসএমইএসপিডি সার্কুলার নং-১২, তারিখঃ ২৮/১০/২০২০ মোতাবেক শিল্প, সার্ভিস ও ব্যবসা (ট্রেডিং) উপখাতের জন্য প্রদত্ত/প্রদেয় সামগ্রিক ঋণের নির্ধারিত অনুপাত যথাযথভাবে অনুসরণ করতে হবে। বিভাগীয় মহাব্যবস্থাপকবৃন্দ এবং অঞ্চল প্রধানগণ উক্ত বিশেষ ঋণ বিতরণ কার্যক্রম নিয়মিত মনিটরিংসহ প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১১/১১/২০২০

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ফোনঃ ৯৫৫০৪০৩

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৪)-এসএমই-৭(৮)/করোনা/২০২০-২০২১/ ১১৮৮(১২০০) তারিখঃ ১১/১১/২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

১১/১১/২০২০
(মুহাম্মদ মোশাররফ হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক